

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

## প্রেস বিজ্ঞপ্তি-২

নং-২০২০/৯/২২-২

### মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী শ ম রেজাউল করিম এমপি'র মায়ের দাফন সম্পন্ন

ঢাকা, ২২ সেপ্টেম্বর ২০২০ (মঙ্গলবার)

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী শ ম রেজাউল করিম এমপি'র মাতা মাজেদা বেগমের দাফন পিরোজপুরের নাজিরপুর উপজেলার মাটিভাঙ্গা ইউনিয়নের তারাবুনিয়া গ্রামের পারিবারিক কবরস্থানে আজ মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) সকালে সম্পন্ন হয়েছে।

এর আগে সকাল ১০টায় তারাবুনিয়া ঈদগাহ মাঠে মরহমার নামাজে জানাজা অনুষ্ঠিত হয়। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব সুবোল বোস মনি, পিরোজপুরের জেলা প্রশাসক আবু আলী মোঃ সাজ্জাদ হোসেন, পিরোজপুরের পুলিশ সুপার হায়াতুল ইসলাম খান, পিরোজপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ হাকিম হাওলাদার, নাজিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ ওবায়দুর রহমান এবং বরিশাল ও খুলনা বিভাগে কর্মরত মৎস্য অধিদপ্তর ও প্রাণিসম্পদ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা পর্যায়ের কর্মকর্তাবৃন্দ এসময় উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, গতকাল সোমবার (২১ সেপ্টেম্বর) রাত ১১টা ৫৩ মিনিটে খুলনার সিটি মেডিকেল কলেজ হাসপাতালে বার্ষিক্যজনিত কারণে চিকিৎসাধীন অবস্থায় মাজেদা বেগম মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিলো ৮২ বছর। মৃত্যুকালে তিনি চার পুত্র ও দুই কন্যা সন্তানসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। জীবদ্দশায় তিনি তার সন্তানদের উচ্চশিক্ষা ও মৌলিক ইসলামী শিক্ষায় শিক্ষিত করেছেন।

ধন্যবাদান্তে ও কৃতজ্ঞতায়

মোঃ ইফতেখার হোসেন

জনসংযোগ কর্মকর্তা

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

মোবাইলঃ ০১৭৭৫২২৫৬৯০